

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের (Stake holders) অংশগ্রহণে অনুষ্ঠিত (ভার্চুয়াল এবং ফিজিক্যাল) ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি : ড. গাজী মোঃ সাইফুজ্জামান, মহাপরিচালক (গ্রেড-১)
সভার তারিখ ও সময় : ২৪/০৩/২০২৫, বেলা- ২.০০ ঘটিকা
সভার স্থান : যুব ভবনের সম্মেলন কক্ষ

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরিচালক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ গজনবী খান কে সভা পরিচালনার অনুরোধ করেন। এটি এ বছরের ৩য় সভা। তিনি মহাপরিচালকের কার্যালয়ের কর্মকর্তাগণ সরাসরি এবং মাঠ পর্যায়ের ঢাকা ও ময়মনসিংহ বিভাগের মোট ১৬ টি জেলার উপপরিচালক এবং যুব প্রশিক্ষণ কেন্দ্রের, কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, প্রশিক্ষণার্থী, জাতীয় যুব পুরস্কার প্রাপ্ত যুব/আত্মকর্মী ও যুব সংগঠকগণকে ভার্চুয়ালি অংশগ্রহণ করার জন্য স্বাগত জানান। সিদ্ধান্ত অনুযায়ী সেবাসমূহকে তিনটি ভাগে বিভক্ত করা হয়েছে; ক) নাগরিক সেবা খ) প্রাতিষ্ঠানিক সেবা গ) অভ্যন্তরীণ সেবা। সিটিজেন'স চার্টারের আলোকে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রদত্ত সেবাসমূহ: ১। কর্ম প্রত্যাশী যুবদের প্রশিক্ষণ প্রদান ২। আত্মকর্মসংস্থান সৃষ্টি ও উদ্যোক্তা তৈরির লক্ষ্যে প্রশিক্ষিত যুবদের ঋণ সহায়তা প্রদান ৩। আত্মকর্মী ও যুব সংগঠকদের যুবকর্মে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে জাতীয় যুব পুরস্কার প্রদান ৪। আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধকরণ ও সুশৃঙ্খল যুব সমাজ বিনির্মাণের লক্ষ্যে ক) যুব সংগঠন নিবন্ধন খ) যুব কল্যাণ তহবিল থেকে অনুদান প্রদান গ) জনসচেতনতা কর্মসূচি (সন্লাস, মাদক ও বৈষম্য বিরোধী কার্যক্রম) ৫। প্রশাসনিক কার্যক্রম ৬। তথ্য প্রদান ৭। অভিযোগ নিষ্পত্তি এবং উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সমূহ : (১) টেকাব প্রকল্প: এ প্রকল্পের আওতায় মোবাইল ডায়ালগের মাধ্যমে প্রত্যন্ত এলাকার যুবদের কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হয়। (২) যানবাহন পরিচালনা প্রশিক্ষণ প্রকল্প: এ প্রকল্পের আওতায় যুবদের যানবাহন চালনা প্রশিক্ষণ প্রদান করা হয়। (৩) ইম্প্যাক্ট প্রকল্প: এ প্রকল্পের আওতায় আত্মকর্মসংস্থান সৃষ্টি ও বায়োগ্যাস প্রকল্প স্থাপন করা হয়। (৪) ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ প্রকল্প: এ প্রকল্পের আওতায় কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে যুবদের ফ্রিল্যান্সিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। (৫) লাইফস্কিলস এডুকেশন ইন ইয়ুথ ট্রেনিং সেন্টার এন্ড স্ট্রেনদেনিং অব ন্যাশনাল ইয়ুথ প্ল্যাটফর্ম প্রজেক্ট।

২.০ আলোচনা: মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করেন। ৩য় কোয়ার্টারের যে সমস্ত কার্যক্রম অন্তর্ভুক্ত ছিলো তা শতভাগ অর্জনে এবং যথাসময়ে শুদ্ধাচার সংক্রান্ত ওয়েবসাইটে আপলোড করার পরামর্শ প্রদান করেন।

২.১ সিদ্ধান্ত: প্রত্যেক কোয়ার্টারের কার্যক্রম শুরুতেই বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রমাণকসহ ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণ।

২.২ বাস্তবায়ন: শুদ্ধাচার সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

৩.০ আলোচনা: যুব উন্নয়ন অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর কার্যক্রম ১.৫ কর্মপরিবেশ উন্নয়ন এর জন্য ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়।

X

JO

৩.১ সিদ্ধান্ত: মার্চ/ ২০২৫ মাসের মধ্যে যুব উন্নয়ন অধিদপ্তর মহাপরিচালকের কার্যালয়ের ৪র্থ শ্রেণির কর্মচারীদের পোষাক সরবরাহ এবং পরিধান নিশ্চিত করতে হবে।

৩.২ বাস্তবায়নে: অর্থ উইং,

৪.০ আলোচনা: সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং তথ্য অধিকার আইন ২০০৯এর আলোকে সুনির্দিষ্ট বিষয় উল্লেখ করে মাঠ পর্যায়ে পত্র প্রেরণের জন্য পরামর্শ প্রদান করেন।

৪.১ সিদ্ধান্ত:- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আলোকে প্রাপ্ত তথ্যের উপর ফিডব্যাক সভার জন্য সুনির্দিষ্ট তথ্য চেয়ে মাঠ পর্যায়ে পত্র দেয়ার সিদ্ধান্ত হয়।

৪.২ বাস্তবায়ন: শুদ্ধাচার সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬.০৪.২০২৫

(ড. গাজী মো: সাইফুজ্জামান)

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: ২২৩৩৮৯৩৮৯

E-mail: dg@dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.০৬.০২২.২৪- ৮-৪৭

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

তারিখঃ ২৬ চৈত্র ১৪৩১
০৬ জমিন ২০২৫

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক----- (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপপরিচালক----- (সকল), মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। উপপরিচালক, কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, (ঢাকা ও ময়মনসিংহ বিভাগ)।
- ০৪। প্রোগ্রামার (আইসিটি শাখা), মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। বিকল্প ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৬। জনাব----- যুব সংগঠক/জাতীয় যুব পুরস্কার প্রাপ্ত যুব/আত্মকর্মী/প্রশিক্ষার্থী, (ঢাকা ও ময়মনসিংহ বিভাগ)।
- ০৭। অফিস কপি।

(মোঃ গজননী খান)

সহকারী পরিচালক (প্রশাসন)

ফোন- ২২৩৩৮৭৭৩।